

ইবি'র পরিস্থিতি উদ্বেজনাপূর্ণ অতিরিক্ত পুলিশ মোতায়েন

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-
দাতা ॥ গত যক্ষ্মনবার ক্যাম্পাসে
ছাত্রলীগ নেতা সাগর মারাত্মকভাবে
ছুরিকাঘত এবং পোষ্টার ছেঁড়ার
কথিত অভিযোগে ছাত্র ইউনিয়নের
সভাপতিসহ ৭/৮ জনকে বেদম
প্রহারের ঘটনায় পরিস্থিতি উদ্বে-
জনাপূর্ণ হয়ে উঠেছে। পরিস্থিতি
স্বাভাবিক করতে ক্যাম্পাসে অতি-
রিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।
এ ঘটনার জন্য শিবিরকে দায়ী
করে বিচার ও শাস্তি দাবী করা
হয়। শিবিরের সভাপতি-সম্পাদক
এ ঘটনার দায়-দায়িত্ব অস্বীকার
করলেও জানায়ত সমর্থক শিক্ষকরা
শিবির নামধারী সন্থাসীদের কার্য-
কলাপে ক্ষুব্ধ।